গাংনীতে ৪৯তম জাতীয় সমবায় দিবস পালন

মেহেরপুরের গাংনীতে ৪৯তম জাতীয় সমবায় দিবস পালন করা হয়েছে।

এ উপলক্ষে শনিবার সকালে গাংনী উপজেলা পরিষদ সভা কক্ষে গাংনী উপজেলা প্রশাসন ও সমবায় অফিস যৌথভাবে “বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন” শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক।

প্রতিপাদ্য বিষয়ের উপর মূল আলোচক ছিলেন মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধুমকেতু।

বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রাশেদুল ইসলাম জুয়েল ও ফারহানা ইয়াছমিন।

এছাড়া বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু ও মনিরুজ্জামান মনি, পুলিশের এস আই হাবিবুর রহমান, সাংবাদিক নেতা আমিরুল ইসলাম অল্ড্রাম, রমজান আলী, সমবায়ী নেতা আবুল কাশেম প্রমূখ।

স্বাগত বক্তব্য রাখেন এবং অনুষ্ঠান পরিচালনা করেন গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু।

আলোচনা শেষে ২০১৯ সালের জন্য উপজেলার শ্রেষ্ঠ সমবায় সমিতি হিসেবে চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এবং নাগদারখাল পানিব্যাবস্থাপনা সমবায় সমিতি লি: কে পুরস্কৃত করা হয়।

এর আগে গাংনী উপজেলা সমবায় অফিসারের উদ্যোগে অনুষ্ঠানে উপস্থিত সকলের জন্য মাস্ক বিতরণ করা হয়।

প্রশাসনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে সূর্য ব্যবসায়ী সমিতির চড়া সুদের ব্যবসা

কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার হাজরাহাটি গ্রামের সাতগাছিতে ২০০৪ সালে কিছু যুবক একত্র হয়ে সূর্য ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ প্রতিষ্ঠাতা করে পরে ২০১৬ সালে মিরপুর উপজেলা সমবায় অফিস থেকে রেজিষ্ট্রেশন হয় যার নাম্বার ০৭।

তবে সমবায় অফিসের নিয়ম নীতি কে উপেক্ষা করে বিভিন্ন মাধ্যমকে ম্যানেজ করে উপজেলার ৬ টির অধিক ইউনিয়ন এর গ্রামের অসহায় প্রায় ৩০০ মানুষ কে সুদের বিনিময়ে ঋণ দেন এই সমবায় লিমিটেড যা সম্পূর্ণ অবৈধ। সমবায় অফিস সূত্রে জানাযায় শুধু সদস্যদের মধ্যে অর্থ লেনদেন করা যাবে, কিন্তু সূর্য ব্যবসায়ী সমবায় লিমিটেড সদস্য বাদেও একাধিক জনের নিকট চড়া সুদে ঋণ দেন।

পরবর্তীতে গরিব মানুষগুলো সময় মত সুদের কিস্তি দিতে না পারলে উক্ত সমবায় লিমিটেডের সদস্যরা বিভিন্ন প্রকার হুমকি দেয় এবং জোরপূর্বক অর্থ আদায় করে নিঃস্ব করে দিচ্ছে হতদরিদ্রদের। এছাড়া এই সমবায় লিমিটেডের পোড়াদহ ইউনিয়নে কার্যক্রম করার অনুমতি না থাকলেও তারা দৈনিক, মাসিক ও বাৎসরিক হিসেবে ঋণ দিয়ে আসছে।

উক্ত ঋণ বা সুদের টাকা পরিশোধ করতে অনেকেই খুইয়ে দিচ্ছে গরু- ছাগল ও জমি,যার কারণে দরিদ্ররা হয়ে যাচ্ছে হতদরিদ্র। তবে হাজরাহাটির সাতগাছির একাধিক ব্যক্তির সাথে কথা বলে জানাযায় স্থানীয় রফিকুল ও আব্দুর রহিম এর নেতৃত্বে বেশকিছু যুবক আশেপাশের কয়েকটি ইউনিয়ন এর বিভিন্ন এলাকাতে লক্ষ লক্ষ টাকা চড়া সুদে দরিদ্র ও হতদরিদ্রদের টাকা দিয়েছে যা সুদ ও আসল পরিশোধ করতে অসহায় দরিদ্রদের গলার কাটা হয়ে দাঁড়িয়েছে।

এ বিষয়ে সূর্য ব্যবসায়ী সমবায় সমিতির সভাপতি রফিকুল ও সাধারণ সম্পাদক আব্দুর রহমান বলেন আমরা উপজেলা সমবায় অফিস কে অবগত করে ঋণ দিয়েছি, এছাড়া সদস্য বাদে যাদের ঋণ দিয়েছে তাদের খুব শিগ্রই সমিতির সদস্য করে নিবো। এসময় তারা আরো বলেন আমাদের কিছু ভুল ও অনিয়ম আছে কিন্তু সেগুলো খুব তাড়াতাড়ি কাটিয়ে উঠবো।

এ বিষয়ে মিরপুর উপজেলা সমবায় অফিসার মোছাঃ নাজবিন আখতার বলেন একটা সমবায় সমিতি কখোনো সদস্য বাদে ঋণ প্রদান করতে পারেনা,যদি সূর্য ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর বিরুদ্ধে অভিযোগ সত্য হয় তাহলে সমবায় সমিতির আইন অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

গাংনীতে সমবায় সমিতির খাদ্য সামগ্রী বিতরণ

গাংনী উপজেলার কয়েকটি সমবায় সমিতির নিজস্ব তহবিল থেকে সমিতির কর্মহীন দরিদ্র সদস্যদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়েছে।

বুধবার বিকালে গাংনী উপজেলার নাগদারখাল পানিব্যাবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর উদ্যোগে এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। মড়কা বাজারে সমিতির অফিসে ৩৫ জন সদস্যের মাঝে ৫ কেজি আটা, ১ কেজি চিনি, ২ কেজি আলু, ১ প্যাকেট সেমাই ও ১ টি করে সাবান বিতরণ করা হয়।

এসময় প্রধান অতিথি অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী পরিদর্শক জনাব হাফিজুর রহমান ।

এছাড়া নাগদারখাল পানিব্যাবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর সভাপতি জনাব মোঃ আব্দাল হক ও সম্পাদকসহ সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে সমবায় সমিতির সদস্যদের

ভ্রাম্যমাণ প্রশিক্ষণ

মেহেরপুর জেলা সমবায় অফিসের আয়োজনে গাংনী উপজেলা সমবায় অফিসের ব্যবস্থাপনায় সম্ভাবনাময় সমবায় সমিতির সদস্যদের নিয়ে একদিনের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ (রাজস্ব) অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে গাংনী উপজেলা বিআরডিবি হলরুমে গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু’র সভাপতিত্বে প্রশিক্ষণে অতিথি বক্তা হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলার সহকারী কমিশনার(ভূমি) মো. ইয়ানুর রহমান, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মো. আখের আলী, জেলা সমবায় অফিসের প্রশিক্ষক মো. নুরুজ্জামান।

সমবায়ীদের মধ্যে বক্তব্য রাখেন হুমায়ূন কবীর রিপন, মো. শফিউল আলম, যুথিকা রানী বিশ্বাস প্রমূখ।

প্রশিক্ষণে সহযোগিতা করেন গাংনী উপজেলা সমবায় অফিসের সহকারী পরিদর্শক মো. রুহুল কুদ্দুস, মো. হাফিজুর রহমান, অফিস সহকারী মেহেদি হাসান। গাংনী উপজেলার ৭ টি সমবায় সমিতির ২৫ জন সদস্য প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

গাংনীতে সমবায়ীদের মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী সমবায় অফিসের উদ্যোগে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি) প্রকল্পের ৩য় পর্যায়ের গ্রাম উন্নয়ন সমবায়ীদের অংশগ্রহণে মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে।

সোমবার গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীতে এ সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান এম এ খালেক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সমবায় কর্মকর্তা সৈয়দ জসিম উদ্দিন। প্রশিক্ষণ প্রদান করেন গাংনী উপজেলা মৎস্য অফিসার রবিউল ইসলাম।

বক্তব্য রাখেন সমবায়ীদের মধ্যে বীর মুক্তিযোদ্ধা সোহরাব হোসেন, রাকিবুল ইসলাম টুটুল, আব্দুর রশিদ, শহিদুল ইসলাম নাসির, ফয়েজ, হাবিব।

প্রশিক্ষণে সহযোগিতা করেন সহকারী পরিদর্শক রুহুল কুদ্দুস, হাফিজুর রহমান ও মেহেদী হাসান প্রমূখ। গাংনী উপজেলার ২১টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতির ১২০ জন সদস্য প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

মেপ্র/ইএম

গাংনীতে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

মেহেরপুর জেলা সমবায় অফিসের উদ্যোগে সমবায়ীদের দক্ষতা উন্নয়নে গাংনীতে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে।

সোমবার গাংনীর বিআরডিবি হলরুমে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা মো: মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে প্রশিক্ষণে প্রধান অতিথি ছিলেন জেলা সমবায় কর্মকর্তা সৈয়দ জসিম উদ্দিন।

অতিথি বক্তা হিসেবে উপস্থিত ছিলেন গাংনীর সহকারী কমিশনার (ভুমি) মো: ইয়ানুর রহমান, গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা কে এম শাহাবুদ্দিন আহমেদ।

অন্যদের মধ্যে জেলা সমবায় অফিসের প্রশিক্ষক নুরুজ্জামান, সহকারি প্রশিক্ষক মোঃ রোকনুজ্জামান তুষার, গাংনী উপজেলা সমবায় অফিসের

সহকারি পরিদর্শক মো: হাফিজুর রহমান, মো: রুহুল কুদ্দুস প্রমুখ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি